দৈনিক ইনকিলাব

257

তারিখ AUG. 1 2 1999
পৃষ্ঠা ১২ কলাম ৭

ঢাঃবিঃ ক্যাম্পাসে সমাবেশে ছাত্রলীগ নেতৃবৃন্দ :

# দেশে শিক্ষা ক্ষেত্রে চরম বৈষম্য বিশৃংখলা ও নৈরাজ্য চলছে

সংবাদ বিজ্ঞপ্তি ঃ একমুখী শিক্ষা ব্যবস্থার দাবীতে গতকাল বুধবার বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় পুনর্গঠন কমিটির উদ্যোগে দেশব্যাপী বিক্ষোভ সমাবেশের অংশ হিসাবে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল শেষে ডাকসু ভবনের সামনে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় পুনর্গঠন কমিটির আহবায়ক ওবায়দুর রহমান চুন্নু, যুগ্ম আহবায়ক করিম সিকদার, মীর্জা মোঃ আনোয়ারুল হক, মিজানুর রহমান মিজান, মাজহারুল ইসলাম লিটন, জেকে আকাশ প্রমুখ। বক্তরা বলেন, স্বাধীনতার ২৮ বছর পার হলেও জাতীয় চাহিদা অনুযায়ী স্বাধীন দেশের উপযোগী শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা হয়নি বরং পরাধীন আমলের জাতীয় চেতনাবিহীন বৈষম্যমূলক শিক্ষা ব্যবস্থা বহাল রাখা হয়েছে। বর্তমানে শিক্ষার ঢালাও বেসরকারীকরণ ও বাণিজ্যিকীকরণ শিক্ষাকে পণ্যে পরিণত করেছে। 'শিক্ষা ব্যবসা' নামে লাভজনক এক ব্যবসা শুরু হয়েছে। শিক্ষা ক্ষেত্রে চরম বৈষম্য নৈরাজ্য ও বিশৃংখলা চলছে। শিক্ষা ক্ষেত্রে এই নৈরাজ্য বিশৃংখলা নিয়ে জাতি এক কদমও সামনের দিকে অগ্রসর হতে পারবে না। ১৩শ পৃঃ ৭ঃ কঃ